# ৩ থেকে ৭ বছরের শিশুদের শিক্ষার ৪টি ধাপে প্রগতি পর্যবেক্ষণ কীভাবে করা

**পর্যবেক্ষণের উদ্দেশ্য** — শিশুদের প্রগতি কেমন হচ্ছে শুধু সেটা দেখাই নয়, এই পর্যবেক্ষণের আরেকটা উদ্দেশ্য হল দিদিমণিদের প্রকারান্তরে বুঝিয়ে দেওয়া, ধাপে ধাপে কীভাবে শেখাতে হয়, কোথায় জোর দিতে হয়। বিদ্যাচর্চা কেন্দ্রের পাঠ্য পুস্তিকায় এ বিষয়ে বিস্তারিত নির্দেশ দেওয়া থাকলেও তা দিদিমণিরা সর্বদা পড়ে বুঝে ঠিক ঠিক অনুসরণ করে উঠতে পারেন না। তাই দিদিমণিদের হাতেকলমে প্রশিক্ষণ দেওয়াও এই পর্যবেক্ষণ প্রক্রিয়ার উদ্দেশ্য।

**পর্যবেক্ষণের পদ্ধতি** —

- শিশুরা যা যা শিখেছে তা পড়া ধরার মতো করেই যাচাই করতে হবে বিভিন্ন প্রশ্ন করে।
- বাইরের লোকের সামনে ভীত সন্ত্রস্ত শিশুরা তেমন সপ্রতিভ নাও হতে পারে, তাই দিদিমণির মাধ্যমেই প্রশ্ন করা ভাল।
- শিশুরা কেমন শিখছে, দিদিমণিরা ঠিকমতো শেখাচ্ছেন কিনা, তা বুঝতে কয়েকজন শিশুকে যাচাই করলেই হবে (র‍্যান্ডম স্যামপ্লিং)। এক একটি ধাপের শিশুদের থেকে ২ জন করে নিলে ৪টি ধাপে মোট ৮ জন শিশুকে যাচাই করা যাবে।
- এক একজন শিশুকে সবকটি প্রশ্নই করা প্রয়োজন হবে না। কয়েকটা করে প্রশ্ন করলেই বোঝা যাবে।
- শিশুরা কী ধরনের ভুল করছে, কেন করছে, কীভাবে শেখাতে হবে, উদ্যোক্তা তা দিদিমণিদের বিশেষ করে বুঝিয়ে দেবেন। সেটাই হবে দিদিমণির প্রশিক্ষণ।
- উদ্যোক্তা ও দিদিমণি একদিকে বসবেন ও এক একবারে একজন করে শিশুকে কাছে ডাকবেন। উদ্যোক্তা তার ইচ্ছেমতো শিশুকে নির্দিষ্ট করে ডাকতে বলবেন।
- দিদিমণিরা শিশুদের কে কোন ধাপ পড়ছে সেই অনুযায়ী একত্রে বসাবেন। কে কোন ধাপে কী পড়ছে এই তথ্য দিদিমণিরা যেন সর্বদা খেয়াল রাখেন।
- একটি স্লেট-পেনসিল প্রয়োজন হবে, যার ওপর লেখা শিশুকে পড়তে হবে ও যা বলা হবে তা লিখতে হবে। বসার জন্য একটি টেবিল-চেয়ার জোগাড় করতে পারলে ভাল হয়।
- ৮ জন শিশুকে যাচাই করতে এক একটি কেন্দ্রে মোটামুটি ৩০ মিনিট সময় লাগতে পারে।

**প্রথম ধাপের পর্যবেক্ষণ**

| বাংলা — **শিশুর কী কী শিখে ফেলার কথা** | | **মন্তব্য—কী দেখতে হবে** |
|---|---|---|
| 1 | ছড়া বলা | সামনে এসে সোজা দাঁড়িয়ে আগে নমস্কার করে নাম বলবে, ও তারপর ছড়াটা জোরে স্পষ্ট উচ্চারণে, ও ধীরে ধীরে বলবে সপ্রতিভ ভাবে। কোনোমতে বলে ফেলা চলবে না। |
| 2 | পর পর বর্ণগুলো বলা | মাঝখান থেকে শুরু করে বলতে পারে কিনা দেখতে হবে। |
| 3 | স্লেটে লিখে দেওয়া যেকোনো বর্ণকে চিনে বলা | এলোমেলো কয়েকটা বর্ণ লিখে শিশুকে দেখাতে হবে চিনে বলার জন্য।<br>প্রায় একই উচ্চারণ ধ্বনি হয় এমন কিছু বর্ণকে আলাদা নাম দেওয়া হয়, যেমন অন্তস্থ য, বর্গীয় জ। পুস্তিকায় বিষয়টা বলা আছে। দিদিমণিরা কি শিশুদের এটা বলেছেন? |
| 4 | যেকোনো বর্ণকে স্লেটে লেখা | বিশেষ করে প, গ, খ, য, জ, ঙ, ইত্যাদি। লেখার অভিমুখ বা হাত কীভাবে ঘুরছে দেখতে হবে। বইয়ে যেভাবে দেখানো আছে সেভাবেই যেন হয়। |
| **অঙ্ক — শিশুর কী কী শিখে ফেলার কথা** | | **মন্তব্য—কী দেখতে হবে** |
| 5 | হাল্কা-ভারি, বেঁটে-লম্বা, ছোট-বড়, ইত্যাদি ও আগে-পরে, ওপরে-নিচে, ডাইনে-বাঁয়ে ইত্যাদি | ঠিকভাবে শেখানো হলে এগুলি তুলনা করে শিশুর বলতে পারার কথা। হাতের কাছের কিছু উদাহরণ দেখিয়ে যাচাই করা যেতে পারে। দিদিমণিরা এই বিষয়গুলো শেখানোর গুরুত্ব না-বুঝে অবহেলা করে থাকতে পারে। তাই পরে অসুবিধা হয়। |
| 6 | 10 পর্যন্ত সংখ্যা পর পর | কোনও সংখ্যার ঠিক আগের সংখ্যাটা ও পরের সংখ্যাটা বলতে পারছে কি? |

| | | |
|---|---|---|
| | বাংলায় বলা | |
| 7 | স্লেটে লিখে দেওয়া সংখ্যাটা চিনে বলা | এলোমেলো কয়েকটা সংখ্যা লিখে শিশুকে দেখাতে হবে চিনে বাংলায় বলার জন্য। সংখ্যাগুলো লেখা হবে ইংরেজিতে কিন্তু বলা হবে বাংলায়। দেখতে হবে, দিদিমণিরা যেন ইংরেজি ও বাংলায় সংখ্যা লেখা মিলিয়ে মিশিয়ে না শেখান। |
| 8 | কাঠি গুনে সংখ্যা বলা | স্লেটে পরপর কয়েকটা কাঠি একে দিতে হবে গুনে বলার জন্য। এইভাবে কাঠি গুনে দুটো সংখ্যার কোনটা বড় বা কোনটা ছোট বলতে হবে। |
| 9 | ইংরেজি সংখ্যা লেখা | বিশেষ করে 5, 6, 9, 8, 4, 1, 7 । |

**দ্বিতীয় ধাপের পর্যবেক্ষণ**

| | | |
|---|---|---|
| **বাংলা — শিশুর কী কী শিখে ফেলার কথা** | | **মন্তব্য—কী দেখতে হবে** |
| 1 | বর্ণ সাজিয়ে বানান করে শব্দ পড়া | পাঠ 2.1: দিদিমণি কি শিশুদের উদাহরণগুলো দিয়ে বুঝিয়ে দিয়েছেন যে শব্দের ব্যঞ্জন বর্ণের শেষে 'অ', বা 'ও' ধ্বনি আসতে পারে, আবার অনেক সময় তা নাও হতে পারে? |
| 2 | কার-চিহ্ন চেনা ও বলা | পাঠ 2.2: কার-চিহ্নের শব্দসহ বানান করে টানা বাক্য পড়তে পারা। দিদিমণিরা কি বাক্যে দাঁড়ি ও কমা চিহ্নের ব্যবহার চিনিয়েছেন ও মানে বলে দিয়েছেন? |
| 3 | খণ্ড ৎ, অনুস্বার ং, বিসর্গ ঃ, ও চন্দ্রবিন্দু ঁ দিয়ে শব্দ পড়ে বলা | পাঠ 2.3: শিশুরা কি পাঠগুলো টানা পড়তে পারছে? এই ধ্বনিগুলো বিশেষ যত্ন করে শেখাতে হবে। প্রথম প্রথম ভুল একটু ভুল হতেই পারে। পরে ঠিক হয়ে যাবে। |
| **ইংরেজি — শিশুর কী কী শিখে ফেলার কথা** | | **মন্তব্য—কী দেখতে হবে** |
| 4 | পর পর বর্ণগুলো বলা | মাঝখান থেকে শুরু করে বলতে পারে কিনা দেখতে হবে। |
| 5 | স্লেটে লিখে দেওয়া যেকোনো বর্ণকে চিনে বলা (ছোট হাতের ও বড় হাতের বর্ণ) | এলোমেলো কয়েকটা বর্ণ লিখে শিশুকে দেখাতে হবে চিনে বলার জন্য। বর্ণগুলোকে এখানে নাম দিয়ে চেনা হল। শব্দের মধ্যে এদের উচ্চারণ ধ্বনি কিন্তু অন্যরকম। পুস্তিকায় বিষয়টা বলা আছে। দিদিমণিরা কি শিশুদের শেখানোর সময় এটা উল্লেখ করেছেন? |
| 6 | যেকোনো বর্ণকে (ছোট হাতের ও বড় হাতের) স্লেটে লেখা | বিশেষ করে ছোট হাতের p, q, r, f ইত্যাদি। বড় হাতের বর্ণ লেখা বেশি অভ্যেস করা দরকার হয় না। লেখার অভিমুখ বা হাত কীভাবে ঘুরছে দেখতে হবে। বইয়ে যেভাবে দেখানো আছে সেভাবেই যেন হয়। |
| **অঙ্ক — শিশুর কী কী শিখে ফেলার কথা** | | **মন্তব্য—কী দেখতে হবে** |
| 7 | 20 পর্যন্ত সংখ্যা পর পর বাংলায় বলা | কোনও সংখ্যার ঠিক আগের সংখ্যাটা ও পরের সংখ্যাটা বলতে পারছে কি? |
| 8 | কাঠি দিয়ে সংখ্যাগুলো বোঝা ও লেখা | পাঠ 2.6: দিদিমণিরা কি সংখ্যার গঠন বুঝিয়েছেন? 0,1,2,3,4,5,6,7,8,9 এই বর্ণগুলোকেই অঙ্ক বা ইংরেজিতে ডিজিট বলে। 9 পর্যন্ত সংখ্যা লিখতে একটি করেই অঙ্ক লাগে। কিন্তু, 10 থেকে 99 পর্যন্ত সংখ্যা লিখতে দুটো করে অঙ্ক পাশাপাশি লিখতে হয়। প্রথম অঙ্কটা বোঝায় কটা দশ আছে আর পরের অঙ্কটা বোঝায় আরও কটা এক করে আছে। |
| 9 | স্লেটে লিখে দেওয়া সংখ্যাটা চিনে বলা | এলোমেলো কয়েকটা সংখ্যা লিখে শিশুকে দেখাতে হবে চিনে বাংলায় বলার জন্য। সংখ্যাগুলো লেখা হবে ইংরেজিতে কিন্তু বলা হবে বাংলায়। |
| 10 | কাঠি গুনে সহজ যোগ | পাঠ 2.8 যোগ চিহ্ন + ও সমান চিহ্ন = কি চেনা হয়েছে? স্লেটে একটি যোগ করে দেখাও |
| 11 | হাতের কর গুনে যোগ | পাঠ 2.9 হাতের আঙুলের করগুলো কোনটা কোন সংখ্যা বোঝায় বল। কর গুনে 20 পর্যন্ত |

| | | |
|---|---|---|
| | | সংখ্যার একটা যোগ করে দেখাও। |
| 12 | ওপরে-নিচে দুটো সংখ্যা লিখে যোগ করা | স্লেটে লিখে 20 পর্যন্ত সংখ্যার একটা সহজ যোগ (হাতে নিতে হবে না) করে দেখাও। |

**তৃতীয় ধাপের পর্যবেক্ষণ**

| **বাংলা — শিশুর কী কী শিখে ফেলার কথা** | | **মন্তব্য—কী দেখতে হবে** |
|---|---|---|
| 1 | হসন্ত চিহ্ন চেনা; শব্দের কোনও বর্ণে হসন্ত চিহ্ন থাকলে কেমন উচ্চারণ হয় | পাঠ 3.1 হসন্ত চিহ্ন থাকলে ব্যঞ্জন বর্ণটার শেষে 'অ' বা 'ও' ধ্বনি আসবে না।<br>স্লেটে লিখে দেওয়া কয়েকটা শব্দ শিশু পড়তে পারছে কিনা দেখো। |
| 2 | হসন্ত চিহ্ন দিয়ে ভেঙে যুক্ত বর্ণ বোঝা। | পাঠ 3.2 হসন্ত চিহ্ন তুলে দিলে পরের বর্ণটার উচ্চারণ যুক্ত হয়ে যাবে।<br>স্লেটে লিখে দেওয়া কয়েকটা শব্দ শিশু পড়তে পারছে কিনা দেখো। |
| 3 | রেফ ও ফলা চিহ্ন চেনা ও শব্দে উচ্চারণ, বাক্য পাঠ | পাঠ 3.3 'রেফ' চিহ্নটা বর্ণের আগে, কিন্তু 'ফলা' চিহ্ন বর্ণের পরে উচ্চারণ হয়।<br>স্লেটে লিখে দেওয়া কয়েকটা শব্দ শিশু পড়তে পারছে কিনা, ও বইয়ের পাঠগুলো শিশু পড়তে পারছে কিনা দেখো। |
| 4 | ব্যঞ্জন বর্ণের যুক্তবর্ণ চেনা, লেখা ও শব্দে পড়া | পাঠ 3.4 স্লেটে লিখে দেওয়া কয়েকটা শব্দ শিশু পড়তে পারছে কিনা দেখো।<br>লেখা তেমন ভাল না হলেও চলবে। |
| **ইংরেজি — শিশুর কী কী শিখে ফেলার কথা** | | **মন্তব্য—কী দেখতে হবে** |
| 5 | বর্ণের নাম ও উচ্চারণ ধ্বনি। | পাঠ 3.6.1 বর্ণগুলোর নাম কিন্তু উচ্চারণ ধ্বনি নয়। পুস্তিকায় বিষয়টা বলা আছে। দিদিমণিরা কি শিশুদের শেখানোর সময় এটা উল্লেখ করেছেন? যেমন a-য়ের উচ্চারণ সাধারণত 'এ' নয়, 'অ্যা', p-য়ের উচ্চারণ 'পি' নয়, 'প্', b-য়ের উচ্চারণ 'বি' নয়, 'ব্'। |
| 6 | ব্যঞ্জন বর্ণের যুক্ত উচ্চারণ করা | পাঠ 3.6.2 জিভের জড়তা কেটেছে কিনা দেখা— স্কুল, ব্রাদার, ক্লাস, স্ট্যান্ড, ইত্যাদি বলতে পারছে কিনা দেখা। |
| 7 | ব্যঞ্জন বর্ণ ও a, e, i, o, u-য়ের যুক্ত উচ্চারণ | পাঠ 3.6.3 থেকে 3.6.13 — শব্দগুলো পড়ে বলতে পারছে কিনা দেখা। |
| **অঙ্ক — শিশুর কী কী শিখে ফেলার কথা** | | **মন্তব্য—কী দেখতে হবে** |
| 8 | কাঠি গুনে 20 পর্যন্ত সংখ্যার সহজ বিয়োগ | পাঠ 3.8 বিয়োগ চিহ্ন – ও সমান চিহ্ন = কি চেনা হয়েছে? স্লেটে একটি বিয়োগ কাঠি গুনে করে দেখাও। |
| 9 | হাতের কর গুনে 20 পর্যন্ত সংখ্যার বিয়োগ | পাঠ 3.9 হাতের আঙুলের করগুলো কোনটা কোন সংখ্যা বোঝায় বল। কর গুনে 20 পর্যন্ত সংখ্যার একটা বিয়োগ করে দেখাও। |
| 10 | ওপরে-নিচে দুটো সংখ্যা লিখে যোগ করা | স্লেটে লিখে 20 পর্যন্ত সংখ্যার একটা সহজ বিয়োগ (হাতে নিতে হবে না) করে দেখাও। |
| 11 | 100 পর্যন্ত সংখ্যা | পাঠ 3.10 100 পর্যন্ত সংখ্যা বোঝা, বলা, লেখা । সংখ্যার একের ঘর ও দশের ঘর বোঝা। |

**চতুর্থ ধাপের পর্যবেক্ষণ**

| **বাংলা — শিশুর কী কী শিখে ফেলার কথা** | | **মন্তব্য—কী দেখতে হবে** |
|---|---|---|
| 1 | বানান না করে টানা পড়া | শিশুকে পুস্তিকায় দেওয়া ছড়া ও গদ্য থেকে টানা পড়ে দেখাতে হবে। |
| 2 | ঠিকভাবে পেনসিল ধরে | কাগজ পেনসিলে কয়েক লাইন লিখে দেখাতে হবে। পাঠ 4.2: পুস্তিকায় বলে দেওয়া দশ |

| | | |
|---|---|---|
| | টানা হাতে লেখা | পাতা হাতের লেখা করা হয়েছে কি? হাতের লেখার নমুনা দেখাও। |
| 3 | অর্থ বুঝে বাক্য পড়তে শেখা | পাঠ 4.3: পুস্তিকায় যেভাবে বলা হয়েছে সেই মতো বাক্যকে ভেঙে ভেঙে পড়ে অর্থ বার করতে পারছে কি? প্রশ্ন-উত্তর করতে পারবে কি? (Reading comprehension) |
| **ইংরেজি — শিশুর কী কী শিখে ফেলার কথা** | | **মন্তব্য—কী দেখতে হবে** |
| 4 | কয়েকটা সাধারণ ইংরেজি শব্দ | পাঠ 4.4: থেকে পড়া ধরতে হবে। a, an ও the-য়ের তফাৎ করতে পারে কি? |
| 5 | শব্দ জুড়ে অর্থ | this book, that book, a dog, the dog, my school ইত্যাদির অর্থ বলতে পারছে কি? |
| 6 | টানা হাতে লেখা | কাগজ পেনসিলে কয়েক লাইন লিখে দেখাতে হবে। পাঠ 4.5: পুস্তিকায় বলে দেওয়া দশ পাতা হাতের লেখা করা হয়েছে কি? হাতের লেখার নমুনা দেখাও। |
| **অঙ্ক — শিশুর কী কী শিখে ফেলার কথা** | | **মন্তব্য—কী দেখতে হবে** |
| 7 | 100 পর্যন্ত সংখ্যা নিয়ে অনুশীলন | পাঠ 4.6: পুস্তিকায় দেওয়া অনুশীলন ( 1 থেকে 9 ) করতে পারছে কি? কাগজ পেনসিলে লিখে দেখাতে হবে। |
| 8 | 100 পর্যন্ত সংখ্যা সহজ নিয়ে যোগ ও বিয়োগ | পাঠ 4.7 অনুশীলন- ওপরে-নিচে সংখ্যা লিখে সহজ যোগ ও বিয়োগ করতে পারছে কি? কাগজ পেনসিলে লিখে দেখাতে হবে। |